



একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প আদেশ  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৪৯.১৮/৫০৭০/৬

তারিখ: ১৩/১১/২০১৯ খ্রি।

বিষয়: জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ইসলামপুর কলেজে পুনঃবহালকৃত অধ্যক্ষ জনাব মোহাম্মদ সুলতান সালাউদ্দিন এর বকেয়া প্রদান।

সূত্র: রিট পিটিশন নং-৯০১/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন ইসলামপুর কলেজে অধ্যক্ষ জনাব মোহাম্মদ সুলতান সালাউদ্দিনকে ১৮/০৫/২০১৯খ্রি। তারিখে সাময়িক বরখাস্ত করা হয় এবং ০৩/০৭/২০১৩ খ্রি। তারিখে স্থায়ীভাবে বরখাস্ত করা হয়। জাতীয় বিশ্ববিদ্যালয় বর্ণিত অধ্যক্ষকে পুণর্বালের আদেশ দেন। কলেজ গভর্ণির বডি অধ্যক্ষ পদে যোগদান করতে না দেয়ায় তিনি রিট পিটিশন নং-৯০১/১৭ দায়ের করেন। মহামান্য আদালত বর্ণিত অধ্যক্ষের স্বপক্ষে রায় প্রদান করেন। রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ সুলতান সালাউদ্দিন কে অধ্যক্ষ পদে যোগদান করেন। বর্তমানে অধ্যক্ষ জনাব মোহাম্মদ সুলতান সালাউদ্দিন বরখাস্তকালীন হতে যোগদান পর্যন্ত সময়ের বকেয়া বেতনভাতা বাবদ ৩২,৫৮,৮৬০/- (বত্রিশ লক্ষ আটাশ হাজার আটশত) টাকা প্রদানের জন্য আবেদন করেন।

বকেয়া টাকা প্রদানের বিষয়ে আইন শাখার মতামত: অধ্যক্ষ জনাব মোহাম্মদ সুলতান সালাউদ্দিন কে কলেজ কর্তৃপক্ষ ২০১১ সালে চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করেন এবং পরবর্তীতে বরখাস্ত করেন। উক্ত বরখাস্তকরণের বিরুদ্ধে অধ্যক্ষ জনাব মোহাম্মদ সুলতান সালাউদ্দিন মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯০১/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ Rule Absolute করে রায় প্রদান করেন এবং রায়ে কর্তৃপক্ষকে পিটিশনারকে অধ্যক্ষ পদে যোগদান করিয়ে বিধি মোতাবেক বেতন প্রদানের নির্দেশ প্রদান করেন। হাইকোর্ট বিভাগের রায় ও আদেশে অধ্যক্ষের বকেয়া বেতনভাতা প্রদানের বিষয়ে অধিদপ্তরের উপর কোন নির্দেশনা নেই এবং বকেয়া বেতনভাতা প্রতিষ্ঠানের সাথে অধ্যক্ষের অভ্যন্তরীণ বিরোধের কারণে সৃষ্টি হয়। সুতরাং জনবল কাঠামো অনুযায়ী অধ্যক্ষের বকেয়া বেতনভাতা প্রদানের কোন সুযোগ নাই।

বকেয়া প্রদানের বিষয়ে জনবল কাঠামো-২০১৮ এর ১৮(৫) ধারায় উল্লেখ আছে- “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্টি মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে”।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

১৮/১২/১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

সভাপতি

পরিচালনা পরিষদ

ইসলামপুর কলেজ, সদর, জামালপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। জনাব মোহাম্মদ সুলতান সালাউদ্দিন, অধ্যক্ষ, ইসলামপুর কলেজ, সদর, জামালপুর।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, সদর, জামালপুর।
- ৫। আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। সংরক্ষণ নথি।